



জন্ডিস

সদ্যোজাতর জন্ডিস কী?

সদ্যোজাত বাচ্চাদের একটি প্রচলিত অসুখ হল জন্ডিস যা স্বকের এবং চোখের সাদা অংশের রং হলুদ করে দেয়। যে শিশুদের গায়ের রং কালো এবং বাদামী, তাদের গায়ে হলুদ রং দেখা খুব মুশ্কিল তাদের শুধু হাতের চেটো এবং পায়ের তলায় হলুদ দেখা যায়। এটা অতি প্রচলিত এবং চিন্তার বিষয় নয় যা 10-14 দিন পরে অদৃশ্য হয়ে যায়।

ঘনঘন মলত্যাগ করানোর জন্য যত সচরাচর সম্ভব আপনার শিশুকে খাওয়ানো উচিত। আপনি স্তনপান করলে, আপনার শিশুকে নিয়মিত স্তনপান করান। কিছু স্তনপায়ী শিশুর ক্ষেত্রে, তাদের স্বকের রং 12 সপ্তাহ পর্যন্ত সামান্য হলুদ দেখতে লাগতে পারে। এটা স্তনের দুধের সাথে সম্পর্কিত, এবং স্বাভাবিক যতক্ষণ আপনার শিশু সুস্থ এবং বাড়তে থাকে।

অসুখ চরম হলে, আপনাকে হয়ত আপনার শিশুকে কিছু সময়ের জন্য হাসপাতালে নিয়ে আসতে হবে বিশেষ আল্ট্রা ভায়োলেট আলো নেওয়ার জন্য। সদ্যোজাতর জন্ডিস সাধারণত দুই সপ্তাহ বয়স নাগাদ সেরে যায়। চরম জন্ডিস হলে চিকিৎসা করতে হতে পারে। **14 দিনের বেশি জন্ডিস থাকলে, জন্মের পরে সাতদিনের মধ্যে জন্ডিস শুরু না হলে বা শিশুর মল চকের মত সাদা হলে আপনাকে অবশ্যই আপনার স্বাস্থ্যকর্মী বা জিপির সাথে যোগাযোগ করতে হবে।**

1.

মনে হচ্ছে আমার শিশুর হাল্কা জন্ডিস হয়েছে, আমি কী করব?

2.

যত ঘনঘন সম্ভব আপনার শিশুকে খাওয়ান যাতে তারা ডিহাইড্রেটেড না হয়ে যায়।

3.

উদ্বেগ থাকলে আপনার ধাত্রী, স্বাস্থ্যকর্মী বা জিপির সাথে কথা বলুন।

জন্ডিসের পরীক্ষা করা

ধাপ 1

স্বকের উপর হাল্কাভাবে আপনার আঙুলগুলি টিপুন, যেমনভাবে আপনি পিচ ফল পেকেছে কী না দেখার জন্য টিপবেন, যেখানে আপনার আঙ্গুল ছিল সেই জায়গাটার রং দেখুন। শিশুর নাকের ডগা টেপার চেপ্টা করুন।

ধাপ 2

জায়গাটির রং হলুদ লাগলে (সাদার বদলে), সম্ভবত তা জন্ডিস। এই পরীক্ষাটি অবশ্যই দিনের আলোতে বা ফ্লুরোসেন্ট আলোতে করতে হবে একটি (একটি জানলার পাশে হলে সব থেকে ভাল হয়)। শিশুর জামাকাপড় খুলে ফেলতে হবে যাতে শরীরের বিভিন্ন অংশ তুলনা করা যায়। যে শিশুদের স্বকের রং গাঢ় তাদের হাতের চোঁটো ও পায়ের তলা যাচাই করুন।

ধাপ 3

আপনার স্বাস্থ্যকর্মী বা জিপির সাথে কথা বলুন।